

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-১৪০৬

আগরতলা, ২৮ সেপ্টেম্বর, ২০২৪

বিবেকানন্দ ব্যায়ামাগারের ৭৫তম বর্ষপূর্তিতে রক্তদান শিবির  
বিবেকানন্দ ব্যায়ামাগার রাজ্যের একটি ঐতিহ্যবাহী ব্যায়ামাগার : মুখ্যমন্ত্রী

রাজ্যে বিবেকানন্দ ব্যায়ামাগারের অনেক ইতিহাস রয়েছে। বিবেকানন্দ ব্যায়ামাগারের ক্রীড়া ঐতিহ্য গর্ব করার মত। আজ আগরতলার গাঙ্গাইলরোডস্থিত বিবেকানন্দ ব্যায়ামাগারের ৭৫তম বর্ষপূর্তি উপলক্ষে স্বেচ্ছা রক্তদান শিবিরের উদ্বোধন করে মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা একথা বলেন। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী আরও বলেন, বিবেকানন্দ ব্যায়ামাগার রাজ্যের একটি ঐতিহ্যবাহী ব্যায়ামাগার। যেখান থেকে রাজ্যের অনেক ক্রীড়াবিদ ক্রীড়া জগতের বিভিন্ন ক্ষেত্রে দেশ-বিদেশে সুনাম অর্জন করেছেন। এই সুনাম ধরে রাখতে হবে। মুখ্যমন্ত্রী বলেন, রাজ্যের বর্তমান সরকারও ক্রীড়া ক্ষেত্রের উন্নতির জন্য আন্তরিক। রক্তদান প্রসঙ্গে মুখ্যমন্ত্রী বলেন, বর্তমানে রাজ্যে রক্তদান একটি উৎসবে পরিণত হয়েছে। রাজ্যের মানুষ এখন বেশি করে রক্তদানে এগিয়ে আসছে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ত্রিপুরা স্পোর্টস কাউন্সিলের সেক্রেটারি সুকান্ত ঘোষ। অনুষ্ঠানে স্বাগত বক্তব্য রাখেন বিবেকানন্দ ব্যায়ামাগারের সাধারণ সম্পাদক নারায়ণ দেবনাথ। এছাড়াও বক্তব্য রাখেন রাজ্যের গর্ব পদাশ্রী দীপা কর্মকার। অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী রক্তদান শিবির পরিদর্শন করেন এবং রক্তদাতাদের উৎসাহিত করেন। রক্তদান শিবিরে ৩১ জন রক্তদান করেন।

\*\*\*\*\*